দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 03 APR 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

### ইউপি নির্বাচনে ঢাবি শিক্ষার্থী নিহত

# সুষ্ঠু তদন্তের দাবিতে শাহবাগে সড়ক অবরোধ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

দ্বিতীয় দফার ইউনিয়ন পরিষদ নির্বাচনে সহিংসতায় মাদারীপুরে পুলিশের গুলিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সুজন মৃধার মৃত্যুর ঘটনার সুষ্ঠু বিচারের দাবিতে রাজধানীর শাহবাগে সড়ক অবরোধ করে বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ছয়টা থেকে আধা ঘণ্টারও বেশি তারা সড়ক অবরোধ করে রাখেন। এরপর সেখান থেকে শাহবাগ থানার সামনে এসে অবস্থান নিয়ে বিক্ষোভ প্রদর্শন করে। পরে মিছিল নিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসের সামনে অবস্থান নেয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সন্ধ্যা ৬টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দেড়শতাধিক শিক্ষার্থী সুজন হত্যাকাণ্ডের সুষ্ঠু বিচারের দাবিতে টিএসসি সংলগ্ন রাজু ভাস্কর্যের সামনে জড়ো হয়। সেখান থেকে তারা মিছিল সহকারে সাড়ে ৬টা শাহবাগ মোড়ে গিয়ে সড়ক অবরোধ করে। শিক্ষার্থীদের অবরোধের কারণে রাজধানীর ব্যস্ততম এই সড়কে প্রায় আধঘণ্টারও বেশি যান চলাচল বন্ধ থাকে। অবরোধ তুলে নিয়ে তারা শাহবাগ থানার সামনে অবস্থান নেয়। পরে প্রক্টর অফিসের সামনে এসে কর্মসূচি স্থগিত করে।

এসময় নিহতের সহপাঠী সৈকত কুমার বলেন, পুলিশের পক্ষ থেকে ব্যালট চুরির যে অভিযোগ দেয়া হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা। পুলিশ জনগণের বন্ধু। আমরা পুলিশের শত্রু নই। যে পুলিশ সদস্য এ ঘটনার সাথে জড়িত তাকে শনাক্ত করে শাস্তির আওতায় আনতে হবে। এসময় তিনি দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। তবে তাৎক্ষণিক কোন কর্মসূচি ঘোষণা না করলেও শিগগিরই এব্যাপারে গণমাধ্যমে জানিয়ে দেয়া হবে বলে তারা জানান। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এ এম আমজাদ বলেন, কিছু শিক্ষার্থী শাহবাগে সড়ক অবরোধ করেছে বলে শুনেছি। এর বেশি কিছু জানি না। শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু বক্কর সিদ্দিক বলেন, সন্ধ্যা ৬টার পর আধা ঘণ্টার বেশি সময় ধরে শিক্ষার্থীরা সড়ক অবরোধ করে রাখে। পরে তারা ক্যাম্পাসে চলে যায়।

উল্লেখ্য, গত ৩১শে মার্চ ২য় দফার ইউপি নির্বাচনে ভোটগ্রহণকালে মাদারীপুর সদর উপজেলার ধুরাইল ইউনিয়নে পুলিশের গুলিতে নিহত হন সুজন মৃধা। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী এবং উপজেলার ধুরাইলের দক্ষিণ বিরঙ্গল গ্রামের বাচ্চু মৃধার ছেলে।